

AA (Bomzin)

Spoken
2/22/2020



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
কুমিটোলা, ঢাকা
www.caab.gov.bd



নথি নং- ৩০.৩১.০০০০.২৩১.৩০.০০২.১৭/১৬৪৭

তারিখঃ ০১/১১/২০২১খ্রিঃ

বিষয় : স্পট নিলাম ডাক আহ্বান প্রসংগে।

এতদ্বারা সকল কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সিএটিসি স্টাফ ক্যান্টিন সংলগ্ন ০৯টি ঝাউ গাছ ও নব নির্মিত সদর দপ্তরের অভ্যন্তরে নির্মাণ কাজের সাইটে বিদ্যমান মরা গাছ ও গাছের ডালপালা কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পের স্বার্থে জরুরী ভিত্তিতে অপসারণের নিমিত্ত স্পট নিলামে মাধ্যমে স্থিত অবস্থায় (যেখানে যে অবস্থায় আছে) বিক্রয় করা হবে। উক্ত নিলাম আগামী ০৪/১১/২০২১ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় সম্পত্তি শাখার সহকারী সম্পত্তি কর্মকর্তার কক্ষে অনুষ্ঠিত হবে (নব-নির্মিত সদর দপ্তরের ৬ষ্ঠ তলা (5th floor)। নিম্নবর্ণিত স্থানে অবস্থিত গাছসমূহের বর্ণনা দেয়া হলোঃ

ক্রমিক নং	গাছের অবস্থান
০১।	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সিএটিসি স্টাফ ক্যান্টিন সংলগ্ন ০৯টি ঝাউ গাছ ও নব নির্মিত সদর দপ্তরের অভ্যন্তরে নির্মাণ কাজের সাইটে বিদ্যমান মরা গাছ ও গাছের ডালপালা কর্তন/অপসারণ

স্পট নিলাম ডাকের শর্তাবলীঃ

(১) প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ডাককারীগণ নিলাম ডাকের পূর্বে অফিস চলাকালীন সময়ে সদর দপ্তর, সম্পত্তি বিভাগের সহিত যোগাযোগ করে উক্ত গাছগুলো দেখে যেটা যে অবস্থায় আছে সে অবস্থায়ই ক্রয় করার আগ্রহ হলে নিলামে অংশ গ্রহন করতে পারবেন।

(২) স্পট নিলাম ডাকের পূর্বে সকাল ১১:০০ ঘটিকার মধ্যে নিলাম ডাকে অংশগ্রহণকারী ইচ্ছুক কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ ব্যক্তিবর্গকে কমিটির আহ্বায়ক বরাবরে নিলাম ডাকে অংশগ্রহণকারীগণকে জাতীয় পরিচয় পত্র ও ড্রেড লাইসেন্স (যদি থাকে) তার ফটোকপিসহ জামানত হিসেবে ২,০০০/- (দুই হাজার) টাকা অগ্রিম নগদ প্রদান করতে হবে। যা ১ম ও ২য় সর্বোচ্চ ডাককারীর জামানত রাখার পর অকৃতকার্য ডাককারীর জামানত তাৎক্ষণিকভাবে ফেরত দেয়া হবে।

(৩) সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিলাম ডাকের সমুদয় মূল্য তৎসহ আয়কর ও ভ্যাট কার্যাদেশ জারির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে নির্বাহী পরিচালক, হশাআবি'র রাজস্ব শাখায় নগদে পরিশোধ করে উহার মানি রিসিটের কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা করতে হবে। নিলামকৃত মালামাল প্রশাসন (সম্পত্তি) শাখার প্রতিনিধির উপস্থিতিতে কার্যাদেশ প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সর্বোচ্চ ডাককারী নিজ খরচে ও নিজ দায়িত্বে উল্লেখিত গাছসমূহ সরিয়ে নিয়ে জায়গা খালি করে দিতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।

(৪) যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ স্পট নিলাম ডাক কর্তৃপক্ষ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

(মোহাম্মদ হাবিবুর রহমান)
সহকারী সম্পত্তি কর্মকর্তা

/চলমান পাতা-২/

বিতরণ :

- ১) পরিচালক (প্রশাসন), সিএএবি সদর দপ্তর, ঢাকা
- ২) পরিচালক (সিএনএস), সিএএবি (সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশ ও প্রচারের জন্য), সদর দপ্তর, ঢাকা
- ৩) পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমী), সিএএবি, ঢাকা
- ৪) উপপরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, ঢাকা
- ৫) নির্বাহী প্রকৌশলী (সিভিল), সিভিল বিভাগ-২, সিএএবি
- ৬) বন বিভাগের সংশ্লিষ্ট রেঞ্জের একজন কর্মকর্তা, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, ঢাকা সামাজিক বন বিভাগ, বন ভবন, মহাখালী, ঢাকা
- ৭) সহকারী সম্পত্তি কর্মকর্তা-১, সম্পত্তি শাখা, সিএএবি
- ৮) সার্ভেয়ার/ড্রাফটসম্যান, সম্পত্তি শাখা, সিএএবি
- ৯) কর্তৃপক্ষের ঢাকাস্থ সকল নোটিশ বোর্ড.....

অনুলিপি :

- ১) সদস্য (প্রশাসন), সিএএবি
- ২) প্রধান প্রকৌশলী, সিএএবি
- ৩) নির্বাহী পরিচালক, হশাআবি, সিএএবি
- ৪) পরিচালক (এভসেক), সিএএবি, হশাআবি, ঢাকা
- ৫) পরিচালক (অর্থ), সিএএবি, সদর দপ্তর, ঢাকা
- ৬) পিএস টু চেয়ারম্যান, সিএএবি
- ৭) সহকারী পরিচালক (হিসাব), হশাআবি, সিএএবি